

🗏 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০: ৬

💵 আরবি মূল আয়াত:

لَهُ مَا فِي السَّمٰوٰتِ وَ مَا فِي الأرضِ وَ مَا بَينَهُمَا وَ مَا تَحتَ الثَّرٰي



যা আছে আসমানসমূহ, যমীন ও এ দু'য়ের মধ্যবর্তী স্থানে এবং যা আছে মাটির নিচে সব তাঁরই। — আল-বায়ান যা আকাশসমূহে আছে, যা যমীনে আছে, যা এ দু'য়ের মাঝে আছে আর যা ভূগর্ভে আছে সব তাঁরই। — তাইসিরুল যা আছে আকাশমন্ডলীতে, পৃথিবীতে, এ দু'য়ের অন্তর্বতী স্থানে ও ভূগর্ভে তা তাঁরই। — মুজিবুর রহমান

To Him belongs what is in the heavens and what is on the earth and what is between them and what is under the soil. — Sahih International

- ৬. যা আছে আসমানসমূহে ও যমীনে এবং এ দু'য়ের মধ্যবর্তী স্থানে ও ভূগর্ভে(১) তা তাঁরই।
 - (১) আদ্র ও ভেজা মাটিকে زرع বলা হয়, যা মাটি খনন করার সময় নীচ থেকে বের হয়। অর্থাৎ সাত যমীনের নিচে। কেননা এ মাটি সাত যমীনের নিচে অবস্থিত। [জালালাইন] একথা স্বীকার করা ছাড়া গত্যন্তর নেই যে, মাটির অভ্যন্তরের জ্ঞান একমাত্র আল্লাহ তা'আলারই বিশেষ গুণ। তিনি আরশের উপর থেকেও সব জায়গার খবর রাখেন। তাঁর অগোচরে কিছুই নেই। আসমানসমূহ ও যমীনের অভ্যন্তরের যাবতীয় বিষয়াদি তাঁর জানা রয়েছে। কারণ, সবকিছু তাঁরই রাজত্বের অংশ, তাঁর কজায়, তাঁর কর্তৃত্বে, তাঁর ইচ্ছা ও হুকুমের অধীন। আর তিনিই এগুলো সৃষ্টি করেছেন, তিনিই মালিক, তিনিই ইলাহ, তিনি ব্যতীত আর কোন ইলাহ নেই, কোন রব নেই। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৬) যা আছে আকাশমন্ডলীতে, পৃথিবীতে, এই দুয়ের অন্তর্বর্তী স্থানে ও ভূগর্ভে তা তাঁরই। [1]

[1] تُرَى ভূগর্ভঃ পৃথিবীর সর্বনিম্ন জায়গা, অর্থাৎ পাতাল।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন